ফাতওয়া নাম্বার: ৫৪৬ প্রকাশকাল:০২-০৫-২০২৫ ইং

পৈতৃক সূত্রে প্রাপ্ত জায়গা-জমির উপর কি যাকাত আসে?

প্রশ্ন:

পৈতৃক সূত্রে যেসব জায়গা-জমি পাওয়া যায়, সেগুলার কি যাকাত দেয়া লাগবে?

-আহমাদ

উত্তর: পৈত্রিক সূত্রে প্রাপ্ত জায়গা-জমির উপর যাকাত ফরয নয়। কারণ যাকাত শুধু সোনা-রুপা, টাকা-পয়সা, গৃহপালিত পশু (নির্ধারিত নিয়ম অনুযায়ী) এবং ব্যবসার পণ্য ও ব্যবসার জমির উপর ফরয হয়। -খিযানাতুল ফিকহ, পৃ: ৭২ (দারুল কুতুবিল ইলমিয়্যাহ); রদ্দুল মুহতার: ২/২৬৫, ২৬৭ (দারুল ফিকর)

তবে উশরি জমিতে চাষাবাদ করলে ফসলের উশর ওয়াজিব হয়।

উশরের ব্যাপারে বিস্তারিত জানতে দেখুন:

উশর: একটি বিস্মৃত ফরয জরুরি মাসায়েল | মাওলানা উযায়ের আহমদ হাফিযাহুল্লাহ

فقط، والله تعالى أعلم بالصواب

আবু মুহাম্মাদ আব্দুল্লাহ আলমাহদি (উফিয়া আনহু)

২৩-১০-১৪৪৬ হি.

২২-০৪-২০২৫ ইং